

জন নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>  
ইমেইল: [onlinebris@gmail.com](mailto:onlinebris@gmail.com)

জন্ম একবার  
নিবন্ধন-ও একবার।

স্মারক নং: স্থাসবি/জম্/নিপ্র/প্রপকা/আইন ও বিধি-৩০/২০১৫-৩২

তারিখ: ০৭-১০-১৪২১  
২০-১-২০১৫

বিষয়: ২০০৬ এর ৩ জুলাই এর পূর্বে হইতে মুক্তিযোদ্ধাদের জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ।

অবহিত করা যাইতেছে যে জন্ম ও মৃত্যু আইন, ২০০৪ এসআরও নং- ১৪৫-আইন/২০০৬ মোতাবেক ৩ জুলাই ২০০৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে (প্রজ্ঞাপন সংযুক্ত)।

আইনটি ২০০৬ এর ৩ জুলাই কার্যকর হওয়ায় উক্ত তারিখে যাহারা জীবিত ছিলেন কিংবা উক্ত তারিখের পরে যাহারা জন্ম গ্রহণ করিয়াছেন এই আইনের আওতায় কেবলমাত্র তাঁহাদেরই জন্ম ও মৃত্যু নিবন্ধন করা হইতেছে। উক্ত তারিখের পূর্বে যাহারা মৃত্যু বরণ করিয়াছেন অত্র আইনের অধিনে তাঁহাদের জন্ম ও মৃত্যু নিবন্ধন করা সম্ভব নহে।

প্রয়াত মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনের প্রেক্ষিতে বিষয়টি তাঁহার অবগতির জন্য প্রেরণ করা হইল।

কার্যার্থে:  
সচিব,  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুল ভবন  
ঢাকা।

জ্ঞাতার্থে:  
সিনিয়র সচিব,  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন- ৯৫৫৬৬০৬  
ফ্যাক্স- ৯৫৫২৩৮১  
মোবা-০১৭১৬ ২০৬৫৫৭

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ, ৩০ জ্যৈষ্ঠ ১৪১৩/১৩ জুন ২০০৬

এস, আর, ও নং ১৪৫-আইন/২০০৬—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯নং আইন) এর ধারা ১-এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৯ আষাঢ় ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ৩রা জুলাই ২০০৬ খ্রিস্টাব্দ তারিখকে উক্ত আইন কার্যকর করার তারিখ হিসাবে নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম জহুরুল ইসলাম  
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫৭৬৯)

মূল্য : টাকা ২.০০